

## কুমিল্লা শিক্ষা বোর্ডে জেএসসির প্রশ্নপত্র ভুলে ভরা

সাইয়িদ মাহমুদ পারভেজ, কুমিল্লা \*  
কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক  
শিক্ষা বোর্ডের অধীনে এবারের  
জেএসসি পরীক্ষার প্রশ্নপত্র ছিল ভুলে  
ভরা। এ কারণে শিক্ষার্থী ও  
অভিভাবকরা হতাশ। অদক্ষ কর্মকর্তা  
দিয়ে শিক্ষা বোর্ড পরিচালনায়  
বারবারই সমালোচনার মুখে পড়ছে এ  
শিক্ষা বোর্ড। এবার জেএসসি বাংলা  
প্রথমপত্রের প্রশ্নপত্রে দুটি প্রশ্নে চরম  
ভুল এবং গণিত বিষয়ের দুটি  
নৈর্ব্যক্তিক (বহুনির্বাচনী) প্রশ্নপত্রে  
সঠিক এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

## কুমিল্লা শিক্ষা বোর্ডে জেএসসির

(শেষ পৃষ্ঠার পর) উত্তর না থাকা কায় বোর্ডের কর্মকর্তাদের যোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছে। আর এ চমক ভুলের কারণে উৎকর্ষ গায় রয়েছে শিক্ষার্থী ও অভিভাবকরা।

জানা গেছে, কুমিল্লা বোর্ডে জেএসসি পরীক্ষায় গণিত বিষয়ের দুটি নৈর্ব্যক্তিক (বহুনির্বাচনী) প্রশ্নপত্রে সঠিক উত্তর নেই। গত রবিবার অনুষ্ঠিত গণিত বিষয়ের 'খ' সেটের ২৫ ও ২৬ নম্বর নৈর্ব্যক্তিক প্রশ্ন দুটিতে 'টিক চিহ্ন' দেওয়ার জন্য চারটি করে অপশন থাকলেও কোনোটিতেই এর সঠিক উত্তর নেই। ফলে পরীক্ষা দিতে আসা শিক্ষার্থীরা বিভ্রান্তিতে পড়ে। পরীক্ষার্থীদের অনেকেই দুটি প্রশ্নের উত্তরের ঘর ভরাট না করেই চলে আসে বলে জানা গেছে।

চলমান জেএসসি পরীক্ষায় রবিবার গণিত বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। গণিত পরীক্ষার 'খ' সেটের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে ২৫ নম্বর প্রশ্নে লেখা হয় 'PQRS রম্বসের ক্ষেত্রফল নিচের কোনটি?' উত্তর জন্য অপশন দেওয়া হয়- (ক) ৭ বর্গ সে.মি (খ) ২৪ বর্গ সে.মি (গ) ২৮ বর্গ সে.মি। (ঘ) ৪৮ বর্গ সে.মি। কিন্তু সঠিক উত্তর হবে ১২ বর্গ সে.মি। যা উত্তরের জন্য দেওয়া চারটি অপশনের কোনোটিতেই নেই।

অপরদিকে ২৬ নম্বর প্রশ্নে লেখা হয় 'PQRS রম্বসের পরিসীমা নিচের কোনটি?' উত্তরের জন্য অপশন দেওয়া হয়- (ক) ১২ বর্গ সে.মি (খ) ১২ সে.মি (গ) ২০ বর্গ সে.মি (ঘ) ২০ সে.মি। অর্থাৎ সঠিক উত্তর হবে (৪.১৩ সে.মি)।

প্রশ্নপত্রে ভুলের বিষয়টি শিকার করে নিয়ে কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কামশার আহমেদ বলেন, ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তরে গরমিল রয়েছে। তবে এর জন্য বাচ্চারা (শিক্ষার্থী) ক্ষতিগ্রস্ত হবে না। উত্তরপত্র যারা ভরাট করেছে তারাও নম্বর পাবে, যারা ভরাট করেনি তারাও নম্বর পাবে। প্রশ্নপত্রে ভুলের দায় শিক্ষার্থীদের বইতে হবে না। অপরদিকে গত ২ নভেম্বর অনুষ্ঠিত বাংলা পঞ্চমপত্রের ১০ নং প্রশ্নে উল্লেখ করা হয়, 'করিম মিয়া ঈদের ছুটিতে গ্রাণের বাড়ি যাবার সময় তার স্ত্রীর গহনা প্রতিবেশী রহিম মিয়ার কাছে গচ্ছিত রেখে যান। এসে ফেরত চাইলে করিম মিয়া গহনার কথা অস্বীকার করেন। পরবর্তীতে (গ) প্রশ্নে উল্লেখ করা হয়- 'উদ্দীপকের করিম মিয়া কিশোর কাজি গল্পে কোন চরিত্রের প্রতিনিধিত্ব করছেন? ব্যাখ্যা কর।'

প্রশ্ন দুটি নিয়ে তাৎক্ষণিক হাত-শিক্ষকদের মাঝে বিভ্রান্তির সৃষ্টি হয়। অনেক শিক্ষার্থীকে উত্তর নিয়ে পড়তে হয় দ্বিধাম্বলে। পরীক্ষা হলে পরীক্ষার্থীদের সঙ্গে সঙ্গে শিক্ষকরাও এ নিয়ে দ্বিধায় পড়েন। বিষয়টি কুমিল্লা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে যোগাযোগ করলে তিনি কোনো সদুত্তর না দিয়ে লিখিত অভিযোগ করার পরামর্শ দেন শিক্ষকদের।

বোর্ড চেয়ারম্যান আবদুল খালেক বিষয়টি আমলে নিয়ে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের কথা জানান। ১০ নং প্রশ্নের উত্তরের মান ছিল ১০। বিন্যাসকৃত মান (গ) প্রশ্নের মান ৩।

এ বিষয়ে কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবদুল খালেক বলেন, ভুলের বিষয়ে একজন আমাকে ফোন করে জানিয়েছিল। সব পরীক্ষা সম্পন্ন হওয়ার পর বোর্ড চেয়ারম্যানদের মিটিংয়ে ভুলের বিষয় নিয়ে আলোচনা করা হবে। যেহেতু পরীক্ষার প্রশ্ন ও উত্তরপত্র মূল্যায়ন করেন শিক্ষকরা, সেহেতু এ প্রশ্নের মূল্যায়ন বিষয়ে প্রধান পরীক্ষক সিদ্ধান্ত গ্রহণ করবেন।